



গণভোট ছাড়া জাতীয় নির্বাচন অর্থহীন হবে: জামায়াত আমীর



সংগৃহীত ছবি

বাংলাদেশ জামায়াতে ইসলামের আমীর ডা. শফিকুর রহমান বলেছেন, জাতীয় নির্বাচনের আগে জনগণের মতামত যাচাইয়ের জন্য গণভোট আয়োজন না হলে সেই নির্বাচনের কোনো গ্রহণযোগ্যতা থাকবে না।

শুক্রবার যুক্তরাষ্ট্র থেকে দেশে ফেরার পথে পূর্ব লন্ডনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। তিনি বলেন, ক্ষমতায় গেলে জামায়াতে ইসলামী দেশে দুর্নীতিমুক্ত প্রশাসন গঠনে অগ্রাধিকার দেবে এবং প্রবাসীদের ভোটাধিকার বাস্তবায়নের ব্যবস্থা নেবে।

গুম ও হত্যার অভিযোগে অভিযুক্ত ২৫ সেনা কর্মকর্তার কর্মকাণ্ডকে ভয়াবহ মানবাধিকার লঙ্ঘন হিসেবে উল্লেখ করেন তিনি।

এই সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামী ইউরোপ শাখার মুখপাত্র ব্যারিস্টার আবু বকর মোল্লা, দলের প্রতিনিধি ও 'সেইভ বাংলাদেশ'-এর চেয়ারম্যান ব্যারিস্টার নজরুল ইসলাম, সিলেট মহানগর জামায়াতের সাবেক সেক্রেটারি সিরাজুল ইসলাম শাহীন এবং ব্যারিস্টার মাহবুবুল আলম সালেহীসহ অন্যান্য নেতৃবৃন্দ।